# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮১. এমন কাজ করা যাতে করে পরবর্তীতে উক্ত কাজের জন্য অন্যের নিকট কৈফিয়ত দিতে হয়

আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أُذْكُرِ الْمَوْتَ فِيْ صَلاَتِكَ ، فَإِنَّ الرَّجُلَ إِذَا ذَكَرَ الْمَوْتَ فِيْ صَلاَتِهِ لَحَرِيٌّ أَنْ يُحْسِنَ صَلاَتَهُ ، وَصَلِّ صَلاَةَ رَجُلٍ لاَ يَظُنُّ أَنَّهُ يُصَلِّيْ صَلاَةً غَيْرَهَا ، وَإِيَّاكَ وَكُلَّ أَمْرٍ يُعْتَذَرُ مِنْهُ

“নামাযরত অবস্থায় মৃত্যুর কথা স্মরণ করো। কারণ, কেউ নামায পড়ার সময় মৃত্যুর কথা স্মরণ করলে সে অবশ্যই তার নামায খানা অত্যন্ত সুন্দর করে পড়বে। এমন ব্যক্তির নামাযের ন্যায় নামায পড়ো যে এমন মনে করে না যে সে এরপরও তার জীবনে কোন নামায পড়বে। এমন কাজ করা থেকে বহু দূরে থাকো যা করলে একদা তোমাকে উক্ত কাজের জন্য অন্যের নিকট কৈফিয়ত দিতে হবে”।[1]

আবু আইয়ূব (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি রাসূল (সা.) এর নিকট এসে বললেন: হে আল্লাহ্’র রাসূল! আমাকে অতি সংক্ষেপে কিছু কথা শিক্ষা দিন। তখন রাসূল (সা.) বলেন:

إِذَا قُمْتَ فِيْ صَلَاتِكَ فَصَلِّ صَلَاةَ مُوَدِّعٍ ، وَلَا تَكَلَّمْ بِكَلَامٍ تَعْتَذِرُ مِنْهُ ، وَأَجْمِعِ الْيَأْسَ عَمَّا فِيْ أَيْدِيْ النَّاسِ

“যখন তুমি নামাযে দাঁড়াবে তখন দুনিয়া থেকে অচিরেই বিদায় গ্রহণকারী ব্যক্তির নামাযের ন্যায় নামায পড়ো। এমন কথা বলবে না যা বললে একদা তোমাকে উক্ত কথার জন্য অন্যের নিকট কৈফিয়ত দিতে হবে এবং মানুষের ধন-সম্পদের প্রতি সম্পূর্ণরূপে নিরাশ থাকবে তথা তাদের কাছ থেকে কিছু পাওয়ারই আশা করবে না”।[2]

## ফুটনোট

[1] (আস্-সিল্সিলাতুস্-স্বা’হী’হাহ্, হাদীস ১৪২১)

[2] (ইবনু মাজাহ্, হাদীস ৪২৪৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন